# হাকিমপুর পৌরসভা কার্যালয়

হাকিমপুর, দিনাজপুর।

গণভোট ২০২৬
সংসদ নির্বাচন
দেশের চাবি
আপনার হাতে

স্মারক নং: দিনাজ/হাকিম/হা.পৌ.স/ইজারা/২০২৬/২১ — তারিখ: ০২-০২-২০২৬ খ্রি.

## "হাকিমপুর পৌরসভাধীন ১৪৩৩ বাংলা সনের হাট-বাজার ও অন্যান্য মহালের ইজারা বিজ্ঞপ্তি"

এতদ্বারা সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, হাকিমপুর পৌরসভার নিয়ন্ত্রণাধীন হাট-বাজার ও অন্যান্য মহাল সমুহের ১৪৩৩ বাংলা সনের জন্য ০১ (এক) বছর মেয়াদী শর্তসাপেক্ষে সম্পূর্ণ অস্থায়ীভাবে ইজারা প্রদানের নিমিত্তে ইজারা গ্রহণে ইচ্ছুক ব্যক্তি/প্রতিষ্ঠানের নিকট হতে সিলমোহরকৃত খামে দরপত্র আহবান করা যাচ্ছে।

### হাট বাজার ও অন্যান্য মহালের বিবরণ

| ক্রমিক | মহালের নাম | সরকারি মুল্য | সিডিউল মুল্য (অফেরতযোগ্য) | ব্যাংক ড্রাফট/ পে-অর্ডার |
|---|---|---|---|---|
| ১ | বাংলাহিলি খাসমহল হাট ও বাজার | ২৫,২২,৫০০/- | ৫৮০০/- | দেয় দরের ৩০% |
| ২ | ছাতনী চারমাথা হাট ও বাজার | ৭৯,৮৩৩/- | ৫০০/- | |
| ৩ | হাকিমপুর পৌরসভা এলাকায় লোড-আনলোডকৃত ট্রাক হতে টোল (পার্কিং) পানামা গেইটসহ | ১৩,৭২,৯১৭/- | ৩৪০০/- | |

### দরপত্র দাখিলের সময়সূচি

| পর্যায় | দরপত্র বিক্রয়ের শেষ তারিখ ও সময় | দরপত্র দাখিলের তারিখ ও সময় | দরপত্র খোলার তারিখ ও সময় | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ম বার | ১৭/০২/২০২৬ অফিস চলাকালীন | ১৮/০২/২০২৬ সকাল ১০টা হতে দুপুর -১.০০ টা | ১৮/০২/২০২৬ বেলা ৩.০০ টা | দরপত্র দাখিলের ক্যালেন্ডারে উল্লিখিত সময়সূচি মোতাবেক কাঙ্খিত দর না পাওয়া পর্যন্ত এবং দাখিলকৃত দর অনুমোদিত না হওয়া পর্যন্ত ক্রমাগত ইজারা প্রদান কার্যক্রম গ্রহণ অব্যাহত থাকবে। তবে শর্ত থাকে যে, কোন বার দরপত্র অনুমোদিত হলে পরবর্তীতে বর্ণিত স্মারকের দরপত্র কার্যক্রম সমাপ্ত করা হবে এবং এজন্য পুনরায় বিজ্ঞপ্তি প্রকাশ করা হবে না। |
| ২য় বার | ০৪/০৩/২০২৬ অফিস চলাকালীন | ০৫/০৩/২০২৬, সকাল ১০টা হতে দুপুর -১.০০ টা | ০৫/০৩/২০২৬ বেলা ৩.০০ টা | |
| ৩য় বার | ১৬/০৩/২০২৬ অফিস চলাকালীন | ১৮/০৩/২০২৬ সকাল ১০টা হতে দুপুর -১.০০ টা | ১৮/০৩/২০২৬ বেলা ৩.০০ টা | |

### দরপত্র প্রাপ্তি ও দাখিলের স্থান

| | |
|---|---|
| দরপত্র বিক্রয়কারী অফিসের নাম ও ঠিকানা | ক) হাকিমপুর পৌরসভা কার্যালয়, হাকিমপুর, দিনাজপুর। |
| | খ) জেলা প্রশাসকের কার্যালয়, স্থানীয় সরকার শাখা, দিনাজপুর। |
| | গ) উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, হাকিমপুর, দিনাজপুর। |
| | ঘ) সহকারী কমিশনার (ভুমি)-এর কার্যালয়, হাকিমপুর, দিনাজপুর। |
| | ঙ) হাকিমপুর থানা, হাকিমপুর, দিনাজপুর। |
| | চ) সোনালী ব্যাংক পিএলসি, হাকিমপুর শাখা, দিনাজপুর। |
| দরপত্র গ্রহণকারী অফিসের নাম ও ঠিকানা | ক) হাকিমপুর পৌরসভা কার্যালয়, হাকিমপুর, দিনাজপুর। |
| | খ) জেলা প্রশাসকের কার্যালয়, স্থানীয় সরকার শাখা, দিনাজপুর। |
| | গ) পুলিশ সুপারের কার্যালয়, দিনাজপুর। |
| | ঘ) উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, হাকিমপুর, দিনাজপুর। |
| | ঙ) সহকারী কমিশনার (ভুমি)-এর কার্যালয়, হাকিমপুর, দিনাজপুর। |

ইজারার শর্তাবলী সমুহ: -

১. বাংলা ১৪৩৩ সনের ১লা বৈশাখ হইতে ১৪৩৩ সনের ৩০শে চৈত্র ০১(এক) বৎসর মেয়াদকালের জন্য হাট-বাজার সমুহ ও ট্রাক টোল (পার্কিং) ইজারা দেওয়া হইবে।

২. দরপত্রদাতাকে দরপত্রের সহিত উল্লিখিত দরের ৩০% (শতকরা ত্রিশ ভাগ) অর্থ জামানত হিসাবে যে কোন তফসিলী ব্যাংক হইতে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর মাধ্যমে প্রশাসক, হাকিমপুর পৌরসভা, দিনাজপুর এর অনুকুলে জমা দিতে হইবে। ইহার অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলিয়া গণ্য হইবে। উক্ত টাকা হইতে ২৫% অর্থ ইজারা মুল্যের সাথে সমন্বয় করা হইবে এবং ৫% অর্থ জামানত হিসাবে সংরক্ষিত থাকিবে। ইজারা গ্রহীতা নিয়মিত হাট- বাজার ও ট্রাক টোল লোড আনলোড পার্কিং এলাকা নিজ খরচে পরিষ্কার পরিচ্ছন্ন না করিলে অন্য কোন ক্ষতি সাধন করিলে উক্ত জামানত হইতে তাহা মিটানো হইবে। বৎসর সমাপনান্তে জামানতের অব্যহৃত টাকা জমাকারীর বরাবর প্রত্যার্পণ করা হইবে।

৩. যাহার দরপত্র গৃহীত হইবে, দরপত্র সংবাদ অবহিত হওয়ার ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে দরপত্রে উল্লিখিত দরের অবশিষ্ট ৭৫% (শতকরা ৭৫ ভাগ) অর্থ মোট দাখিলকৃত দরের উপর অতিরিক্ত ১০% আয়কর এবং ১৫% ভ্যাট অবশ্যই একই সঙ্গে পরিশোধ করিতে হইবে, অন্যথায় বাজারের জন্য জমাকৃত জামানত বাজেয়াপ্ত পূর্বক পুণরায় ইজারা কার্যক্রম গ্রহণ করা হইবে।

৪. প্রাপ্ত দরপত্রের সর্বোচ্চ দর গ্রহণ করা হইবে এবং উক্ত অংক যদি সংশ্লিষ্ট হাট-বাজারের সরকারি মুল্যের কম হয় তাহা হইলে পুণরায় দরপত্র আহবান করা হইবে।

৫. এক হাট-বাজারের জন্য ক্রয়কৃত দরপত্র আরেক হাট-বাজারের জন্য দরপত্র হিসাবে ব্যবহার করা যাইবে না। দরপত্র গ্রহণের দিন কোন দরপত্র সিডিউল বিক্রয় করা হইবে না। এক দফার জন্য বিক্রয়কৃত দরপত্র অন্য দফায় আহবানকৃত হাট-বাজারের দরপত্র হিসাবে ব্যবহার করা যাইবে না।

৬. খামের উপর দরপত্রদাতার নাম, ঠিকানা ও বাজারের নাম স্পষ্টভাবে উল্লেখ করিতে হইবে।

৭. সরকার অনুমোদিত টোল আদায়ের হার মোতাবেক টোল আদায় করিতে হইবে। বিনা রশিদে টোল আদায় করা যাইবে না। ইজারাদার নিজ খরচে বাজারে দৃশ্যমান একাধিক স্থানে টোল চার্ট প্রদর্শনের ব্যবস্থা করিবেন।

৮. প্রত্যেক বাজারের জন্য পৃথক পৃথক সীলমোহরকৃত খামে দরপত্র দাখিল করিতে হইবে। দরপত্র দাতাকে দরপত্রের প্রতি পৃষ্ঠায় স্বাক্ষর করিতে হইবে।

৯. ইজারাদার কোনক্রমেই হাট-বাজার অন্যের নিকট সাব-লিজ দিতে পারিবেন না।

১০. ইজারার সমস্ত অর্থ (ভ্যাট, আয়করসহ) পরিশোধের ০৩(তিন) কার্যদিবসের মধ্যে ৩০০/=(তিনশত টাকা মাত্র) নন-জুডিশিয়াল ষ্ট্যাম্পে ইজারাদার কর্তৃক ইজারা চুক্তি সম্পাদন করিতে হইবে।

১১. দুই বা ততোধিক দরপত্র দাতার দর সর্ব্বোচ্চ বা একই হইলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত বলিয়া গণ্য হইবে।

১২. ইজারাদার নিজ খরচে হাট-বাজার পরিষ্কার-পরিচ্ছন্ন রাখিবেন।

১৩. ইজারাদার নিজ খরচে একটি পরিদর্শন রেজিস্টার সংরক্ষণ করিবেন।

১৪. কোন প্রকার ঘষা-মার্জা, কাটাকাটি, লেখার উপর লেখা দরপত্র গ্রহণযোগ্য হইবে না।

১৫. নির্ধারিত কর্তৃপক্ষ কর্তৃক হাট-বাজার ইজারা অনুমোদিত না হইলে ইজারা বাতিল বলিয়া গণ্য হইবে এবং দখলকৃত সময়ে হারাহারি ভাবে ইজারার অর্থ কর্তনপূর্বক বাকী অর্থ ইজারাদারকে প্রদান করা হইবে।

১৬. হাট-বাজারের ইজারার টাকা সরকারি দাবী আদায় আইন অনুযায়ী সার্টিফিকেট মামলার মাধ্যমে আদায় করা যাইবে।

১৭. চুক্তিপত্রের যে কোন শর্ত লংঘন করা হইলে ইজারা বাতিল করা যাইবে।

১৮. কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

১৯. দরপত্র দাতাকে ব্যবসায়ীক হিসাবে ব্যবসায়ীক ট্রেড লাইসেন্স এর মুল কপি/সত্যায়িত কপি দরপত্রের সহিত সংযুক্ত করিতে হইবে।

02/02/2026

মোঃ সাব্বির হোসেন
প্রশাসক
হাকিমপুর পৌরসভা, দিনাজপুর

স্মারক নং- দিনাজ/হাকিম/হাঃপৌঃসঃ/ইজারা বিজ্ঞপ্তি/২০২৬/২১(১৭) তারিখ-০২-০২-২০২৬খ্রি.

অনুলিপি সদয় জ্ঞাতার্থে :-

১। সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।
২। বিভাগীয় কমিশনার, রংপুর ।
৩। জেলা প্রশাসক, দিনাজপুর।
৪। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) দিনাজপুর।
৫। সিনিয়র সহকারী সচিব,স্থানীয় সরকার বিভাগ, পৌর-২ শাখা, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।
৬। প্রশাসক, দিনাজপুর/পাবর্তীপুর/ফুলবাড়ী/বিরামপুর/সেতাবগঞ্জ/বীরগঞ্জ/বিরল/ঘোড়াঘাট পৌরসভা, দিনাজপুর।

অনুলিপি জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরিত হলো ঃ-

৭। উপ-পরিচালক, স্থানীয় সরকার, দিনাজপুর।
৮। উপজেলা নির্বাহী অফিসার, হাকিমপুর, দিনাজপুর।
৯। সহকারী কমিশনার (ভুমি) হাকিমপুর, দিনাজপুর।
১০। উপজেলা প্রকৌশলী, হাকিমপুর, দিনাজপুর।
১১। উপজেলা সাব রেজিষ্টার, হাকিমপুর, দিনাজপুর।
১২। অফিসার ইনচার্জ, হাকিমপুর থানা, হাকিমপর, দিনাজপুর।
১৩। সভাপতি/সম্পাদক, হাকিমপুর ও হিলি প্রেস ক্লাব, হাকিমপুর, দিনাজপুর।
১৪। জনাব/জনাবা-----------------------------------সদস্য, পৌর প্রশাসকের কর্মসম্পাদনে সহায়তা কমিটি,হাকিমপুর পৌরসভা, দিনাজপুর।
১৫। জনাব------------------------------------------ সম্মানীত সদস্য, দরপত্র মুলায়ন কমিটি, হাকিমপুর পৌরসভা, হাকিমপুর, দিনাজপুর।
১৬। বিজ্ঞাপন ম্যানেজার, দৈনিক ----------------, ০১ (দিন) সংক্ষিপ্ত আকারে ছাপানোর জন্য বিশেষ ভাবে অনুরোধ করা হলো ।
১৮। নোটিশ বোর্ড ।
১৭। দরপত্র বিজ্ঞপ্তি নথি ।

02/02/2026

প্রশাসক
হাকিমপুর পৌরসভা, দিনাজপুর